

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৬.১৬- ২০২/৬১(৭০)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৩ বাং
০৬ জুন ২০১৬ খ্রিঃ

বিষয়: রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের (সদ্য জাতীয়করণকৃত) "সহকারী শিক্ষক নিয়োগ ২০১০"-এর প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ ও পদায়ন প্রসঙ্গে।

- সূত্র: ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৮.০০.০০০০.০৩১.৯৯.০০২.১৬-১৩৯, তারিখ: ১৮ মে ২০১৬
২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৮.০০৭.০১২.০০.০০.০০২.২০১৬-১৭৪, তারিখ: ০২ জুন ২০১৬
৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তি নং প্রাশিঅ/নিয়োগ/০৮/রেজি:বেসর:/২০০৯/১০১৪ তারিখ ২১ এপ্রিল ২০১০

উল্লিখিত বিষয় ও সূত্রত্রয়ের পরিশ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরারধীন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের (সদ্য জাতীয়করণকৃত) "সহকারী শিক্ষক নিয়োগ ২০১০"-এর প্যানেলভুক্ত নির্বাচিত প্রার্থীদের মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৮৭৫৮/২০১২ মামলার ১৮/০৬/২০১৪ তারিখের রায়ের উদ্ধৃতিক্রমে রীট পিটিশন নং ২২৭৫/২০১৫ এর মহামান্য আদালতের ১৭/০৯/২০১৫ তারিখের রায়, রীট পিটিশন নং ৭২৩৮/২০১৫ এর মহামান্য আদালতের ০৯/১২/২০১৫ তারিখের প্রদত্ত রায় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইনগত মতামত এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তি নং- প্রাশিঅ/নিয়োগ/০৮/রেজি:বেসর:/ ২০০৯/১০১৪ তারিখ ২১ এপ্রিল ২০১০ অনুসারে উপজেলা/থানা মেধাক্রম অনুযায়ী সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শূন্যপদে নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২। পত্র প্রাপ্তির ০৭ (সাত) কাযদিবসের মধ্যে নির্বাচিত প্রার্থীদের নিয়োগপত্র ইস্যু করতঃ পদায়নকৃত বিদ্যালয়ে যোগদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, জেলা প্রশাসক/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে রক্ষিত ইতোপূর্বে প্রেরিত প্যানেল তালিকার যে সকল প্রার্থীদের নিয়োগ দেয়া হয় নাই সে সকল প্রার্থীদের মূল আবেদনপত্র, নিয়োগ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র যাচাই করতঃ নিশ্চিত হয়ে উপজেলা/থানা মেধাক্রম অনুযায়ী সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের বিদ্যমান শূন্যপদে নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করা হলো। কোন অনিয়ম হলে বা ভুয়া কোন প্রার্থী নিয়োগ পেলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের শর্তাবলী নিয়োগকৃত শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।


০৬.৬.১৬

মোঃ আনোয়ারুল হক

পরিচালক


পলিসি ও অপারেশন বিভাগ

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

.....(৬১ জেলা)।

অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি: যুগ্মসচিব (বিদ্যালয়)]।
- ২। জেলা প্রশাসক, (৬১ জেলা).....।
- ৩। সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ডিপিই এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট ও বরিশাল বিভাগ (উল্লিখিত নির্দেশাবলী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ যথাযথভাবে প্রতিপালন করেন তা নিশ্চিত করার অনুরোধসহ)
- ৫। সংরক্ষণ নথি।


এ.কে.এম. সাফায়েত আলম
সহকারী পরিচালক (নিয়োগ)